

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর  
(রাজস্ব শাখা)  
www.jamalpur.gov.bd

নম্বর: ৩১.৪৫.৩৯০০.০১৩.০৮.০১৮.০২-১৪০৭

তারিখ: ১২ নভেম্বর, ২০২৪  
০৪ অগ্রহায়ণ, ১৪৩১

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ মুমিনুল ইসলাম, ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তা, চরপুটিমারী ইউনিয়ন ভূমি অফিস, ইসলামপুর, জামালপুর (বর্তমান কর্মস্থল: পিংনা ইউনিয়ন ভূমি অফিস, সরিষাবাড়ী, জামালপুর) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণের অভিযোগে অভিযুক্ত করে বিভাগীয় মামলা রুজুপূর্বক জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;


০২. যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করেন;

০৩. যেহেতু, তার লিখিত জবাব এবং ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক না হওয়ায় বিভাগীয় মামলাটি তদন্তের জন্য জনাব চৌধুরী বিশ্বনাথন আনন্দ, সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুরকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

০৪. যেহেতু, তদন্ত কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন, লিখিত জবাব, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য এবং বিভাগীয় মামলা সংশ্লিষ্ট রেকর্ডপত্র পর্যালোচনায় তার বিরুদ্ধে অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে এবং সার্বিক বিবেচনায় তাকে লঘুদণ্ড প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়;

০৫. সেহেতু, জনাব মোঃ মুমিনুল ইসলাম, ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তা, চরপুটিমারী ইউনিয়ন ভূমি অফিস, ইসলামপুর, জামালপুর (বর্তমান কর্মস্থল: পিংনা ইউনিয়ন ভূমি অফিস, সরিষাবাড়ী, জামালপুর) এর বিরুদ্ধে অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(ঘ) মোতাবেক 'বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ' লঘুদণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

  
হাছিনা বেগম  
জেলা প্রশাসক  
জামালপুর

নম্বর: ৩১.৪৫.৩৯০০.০১৩.০৮.০১৮.০২-১৪০৭

তারিখ: ১২ নভেম্বর, ২০২৪  
০৪ অগ্রহায়ণ, ১৪৩১

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১. সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ
৩. উপজেলা নির্বাহী অফিসার, ইসলামপুর/সরিষাবাড়ী, জামালপুর
৪. সহকারী কমিশনার (ভূমি), ইসলামপুর/সরিষাবাড়ী, জামালপুর (এ আদেশ চাকরি বহিতে লিপিবদ্ধ করার অনুরোধসহ)
৫. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জামালপুর (প্রজ্ঞাপনটি জেলা প্রশাসনের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)
৬. উপজেলা হিসাবরক্ষণ অফিসার, ইসলামপুর/সরিষাবাড়ী, জামালপুর
৭. জনাব মোঃ মুমিনুল ইসলাম, ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তা, পিংনা ইউনিয়ন ভূমি অফিস, সরিষাবাড়ী, জামালপুর
৮. গার্ড ফাইল/অফিস কপি

  
হাছিনা বেগম  
জেলা প্রশাসক  
জামালপুর